৭৪

দৈনিক ইত্তেফাক

তারিখ 17 AUG 1999
পৃষ্ঠা ২ কলাম ৮

## ঢাকা বিশ্ববিদ্যালয় গ্রন্থাগারের গ্রন্থাগারিক

সুদীর্ঘকাল যাবৎ ঢাকা বিশ্ববিদ্যালয় গ্রন্থাগারের গ্রন্থাগারিক পদটি খালি পড়িয়া আছে। অথচ উক্ত পদটি পূরণের জন্য কোন কার্যকর উদ্যোগ পরিলক্ষিত হইতেছে না। ঢাকা বিশ্ববিদ্যালয় ৬০-এর দশক হইতে গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞান বিভাগের অধীনে স্নাতকোত্তর ডিগ্রী প্রদান করিয়া আসিতেছে। প্রশ্ন দাঁড়ায়, সুদীর্ঘকাল যাবৎ ঢাকা বিশ্ববিদ্যালয় হইতে যাঁহারা এ বিষয়ে সর্বোচ্চ ডিগ্রী নিয়াছেন এবং বিদেশে প্রমাণ করিয়া আসিয়াছেন তাঁহাদের জ্ঞান গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞানের ডিগ্রীধারী বিদেশীদের জ্ঞান অপেক্ষা কোন অংশে কম নয়। তাঁহাদের ভিতর হইতে কি একজনকেও পাওয়া যায় নাই যিনি ঢাকা বিশ্ববিদ্যালয়ের গ্রন্থাগার পরিচালনার দায়িত্ব পাইতে পারেন? যদি না পাওয়া গিয়া থাকে তাহা হইলে ঢাকা বিশ্ববিদ্যালয়ে 'গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞান বিভাগ' থাকার কোন প্রয়োজন আছে কি? জানা যায়, গত ২৭শে জুলাই উক্ত পদে নির্বাচিত হইবার জন্য পাঁচজন প্রার্থী নির্বাচন কমিটির সম্মুখে উপস্থিত হইয়াছিলেন। সেই নির্বাচনী পরীক্ষার ফলাফল কি হইয়াছে তাহা বুঝা যায় আবারও উক্ত পদে লোক নিয়োগের বিজ্ঞপ্তি দেওয়ায়। এই প্রেক্ষাপটে ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের নিকট আমার অনুরোধ, অবিলম্বে ঢাকা বিশ্ববিদ্যালয় গ্রন্থাগারের গ্রন্থাগারিক পদটি পূরণের ব্যবস্থা করুন। এব্যাপারে কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য বাংলাদেশ গ্রন্থাগার সমিতির নিকট আবেদন রাখিতেছি।

—মির্জা মোঃ আবুল হানিফ, গ্রন্থাগারিক, বাংলাদেশ আণবিক কৃষি গবেষণা ইনষ্টিটিউট, ময়মনসিংহ।